শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ MUJIB 100

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নওহাটা, রাজশাহী।
ফোন- ৮৮-০২৪৭-৮০০১২০
E-mail- rajpbshq@gmail.com
Web- www.pbs.rajshahi.gov.bd

# রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
# RAJSHAHI PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 CERTIFIED

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০২.০৮.২৩. 8062

তারিখঃ ০৭ কার্তিক, ১৪৩০ বং:
২৩ অক্টোবর, ২০২৩ খ্রি:

## -:নিয়োগ বিজ্ঞপ্তি:-

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ / প্যানেল প্রস্তুতের নিমিত্ত আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নেবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা / সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি অথবা পূর্ববর্তী পবিস-এর এলপিসি অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হইবে। | ০১॥ বয়সসীমাঃ<br>প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর ( ১২ -১১-২০২৩ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৩টি চুক্তিতে ৯বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন্।<br>০২॥ অভিজ্ঞতাঃ<br>আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>বাপবিবোর্ডের এতদসংক্রান্ত নির্দেশনা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।<br>০৩॥ অন্যান্য যোগ্যতাঃ<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।<br>০৪॥ নিয়োগ পদ্ধতিঃ-<br>বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |

## শর্তাবলীঃ

০১॥ চুক্তির সময়কালঃ

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চুক্তিকালীন কাজকর্ম ও প্রতি বছরের কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর কর্তৃপক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ২/১ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে ২য় চুক্তি সম্পাদন এবং একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ (০৩+০৩+০৩) = ০৯ (নয়) বছর অথবা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) অত্র সমিতিতে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

০২॥ আবেদনপত্র পূরণ ও জমা দানঃ

আগ্রহী প্রার্থীগণ রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি -এর ওয়েব সাইট (http://pbs.rajshahi.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউন লোড অথবা রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর হতে সংগ্রহ পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১২-১১-২০২৩ খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, পোঃ-নওহাটা, পবা, রাজশাহী বরাবর ডাক যোগে প্রেরণ করতে হবে। নির্দিষ্ট ফরম ব্যতিত সাদা কাগজে/ টাইপকৃত কাগজে এবং বিলম্বে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

০৩॥ আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে :

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করতে হবে)।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
গ) জাতীয় পরিচয় পত্রের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন / এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

০৪॥ **অন্যান্য শর্তাবলী:**

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

খ) **রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।**

গ) অত্র পবিসের এলাকা পরিচালক / মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা / কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীগণের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

ঘ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন অথবা দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হন, তাহলে সেই প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্তসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে যারা কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

চ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং ১২-১১-২০২৩ তারিখে কোন পবিসে যাদের সর্ব্বোচ্চ ০৩ মাস চাকুরি আছে শুধুমাত্র তারাই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

ছ) ইতোপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে অত্র পবিসে যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে নিয়মানুযায়ী জামানত বাজেয়াপ্তসহ চাকুরি হতে বরখাস্ত করা হবে।

জ) বাপবিবোর্ড এর সর্বশেষ নীতিমালা অনুযায়ী প্যানেল প্রস্তুত করা হবে।

ঝ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

ঞ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ট) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, সর্বশেষ মুল বেতন, বর্তমান বয়স ইত্যাদি (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঠ) অসম্পূর্ণ / ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ড) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(রমেন্দ্র চন্দ্র রায়)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ ) / পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। জেলা প্রশাসক, রাজশাহী।
০৫। পুলিশ সুপার, রাজশাহী।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............পবিস-১/২/৩/4 (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিস-এর মানব স্পদ/ প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদাঅনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, রাজশাহী।
১০। উপজেলা নির্বাহী অফিসার, পবা সদর / দূর্গাপুর / কাকনহাট / মোহনপুর / তানোর / উপজেলা, রাজশাহী।
১১। ডিজিএম (সদর-কারিগরী) / দূর্গাপুর / কাকনহাট / মোহনপুর / তানোর জোনাল অফিস, রাজশাহী পবিস।
১২। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/সঃ সেবা), রাজশাহী পবিস।
১৩। নোটিশ বোর্ড, রাজশাহী পবিস।
১৪। ওয়েব সাইট- http://pbs.rajshahi.gov.bd (এজিএম (আইটি) ওয়েব সাইটে প্রকাশ করবেন)।
১৫। অফিস কপি / মাস্টার কপি।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ফরম নং পমাসপ-১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ-২৭/০৪/২০১৪খ্রিঃ

ফরম নং পমাসপ ১১০-০০২,ভার্সন-০১,তারিখ----------------

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 CERTIFIED

**রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে প্যানেল ভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এককপি ছবি এঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হবে।

জেনারেল ম্যানেজার
রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
নওহাটা, রাজশাহী।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

২. আবেদনকৃত পদের নাম (মিটার রিডার কাম ম্যাসেঞ্জার)

৩. পদের ধরনঃ (চুক্তি ভিত্তিক)

---------------------------

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

-------------------------------- ------------------------------------- ------------------------------------------------

৬.আবেদনকারীর পূর্ন নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

------------------------------------------

-------/------/-----------------(দিন/মাস/বছর)

৮.মাতার নাম

৯. বয়স (১২-১১-২০২৩ খ্রিঃ তারিখে)

------------------------------------------

------------------------------------------

১০. পিতার নাম

১১. ধর্ম

------------------------------------------

------------------------------------------

১২.জাতীয়তা

১৩. নিজ জেলা

------------------------------------------

১৫.বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৬.কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে (টিক (√) দিনঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭.স্থায়ী ঠিকানাঃ

------------------------ ---------------------- ----------------------- ---------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ.ডাকঘর গ. উপজেলা/থানা ঘ.জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ------------------------ | -------------------- | ----------------------- | -------------------- |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ.ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ.জেলা |

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):-------------------বৎসর।

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসাবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

----------------------------------      --------------------------

তারিখ      আবেদনকারীর স্বাক্ষর

**বিঃদ্রঃ সরকারী/আধা সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং ১২-১১-২০২৩ তারিখে কোন পবিসে যাদের সর্ব্বোচ্চ ০৩ মাস চাকুরি আছে শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।**